



জাতীয় কেবিনেট বিভাগ
লিবারেল পার্টি বাংলাদেশ
সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচনী তফসীল ঘোষণা-গণতন্ত্রের প্রতি একটি চপেটাঘাত।
এটি পদলেহী ও তল্পিবাহকদের একটি দুষ্কর্ম মাত্র।

-----লিবারেল পার্টি বাংলাদেশ

”তরিঘড়ি করে অনাকাঙ্খিতভাবে জাতীয় সংসদ নির্বাচনের তফসীল ঘোষণা, গণতান্ত্রিক রাজনীতি ও গণতন্ত্রের প্রতি অরাজনৈতিক পদলেহী, তল্পিবাহক আমলা আর মৃত্যুপথযাত্রী (শারীরিক অবস্থার কারণে) অবিবেচক রাস্ট্রপতির একটি দুষ্কর্ম, যা জাতিকে একটি স্থায়ী সংঘাতের দিকে ঠেলে দেবে।”

লিবারেল পার্টি বাংলাদেশ এর জাতীয় কেবিনেট এর এক জরুরী সভায় গৃহীত সিদ্ধান্তে একথা বলা হয়। নির্বাহী চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম এর সভাপতিত্বে সোমবার রাতে দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত কেবিনেট সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ন্যাশনাল চেয়ারম্যান আমিন আহমেদ চৌধুরী, মহাসচিব আফজালুল হক সিকদার, ডেপুটি ন্যাশনাল চেয়ারম্যান মিজানুর রহমান চৌধুরী, রাজনৈতিক সচিব গোলাম ছামদানী প্রমুখ।

সভায় গৃহীত সিদ্ধান্তে অবিলম্বে নির্বাচনী তফসীল বাতিলের দাবী করে বলা হয়, একের পর এক বন্ধুপ্রতীম দাতা দেশের অনুরোধ, সতর্কবানী কার স্বার্থে উপেক্ষা করা হচ্ছে তা আমাদের বোধগম্য নয়, অথচ এই দাতাদের টাকাই ক্ষমতাসীনরা এবং বশংবধ আমলারা অবাধে লুটপাট করেন, জনগণের কাছে যা পৌঁছায় মাত্র ৭-৯ শতাংশ।

সভায় হুশিয়ারী উচ্চারণ করে বলা হয়, সংবিধান নয়, জনগণের ইচ্ছাই দেশের সর্বোচ্চ আইন। আর এই জনগণকে বিভক্ত করা, জনগণকে উপেক্ষা করা, তা সেই জনতা যত ক্ষুদ্রতরই হোকনা কেন তাকে অবদমন করা, নিষ্পেষিত করার চেষ্টা করার নাম গণতন্ত্র নয়, আর তা গণতান্ত্রিক আচরণও নয়। তাই জনগণকে শোষণের লক্ষ্যে পারিবারিক রাজত্ব, রাম রাজত্ব আর লুটপাটের রাজত্ব কায়ম করতে দেয়া হবে না।

সকল দলের অংশগ্রহন ব্যতিত কোন নির্বাচনে বা পাতানো খেলা থেকে লিবারেল পার্টি দূরে থাকবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী
দপ্তর সম্পাদক

৪৩৫, বড় মগবাজার, ওয়্যারলেস রেলগেট, ৪র্থ তলা, ঢাকা-১২১৭।

ফোন: ৯৩৬০৭৭৪। ইমেইল- libpartybd@gmail.com

www.liberalbd.org



জাতীয় কেবিনেট বিভাগ
লিবারেল পার্টি বাংলাদেশ
সংবাদ বিজ্ঞপ্তি

৪৩৫, বড় মগবাজার, ওয়্যারলেস রেলগেট, ৪র্থ তলা, ঢাকা-১২১৭।
ফোন: ৯৩৬০৭৭৪। ইমেইল- libpartybd@gmail.com
www.liberalbd.org